

মোবাইল ফোন কল



Digital
Literacy
Center



মা, বাবা
অফিস থেকে
কখন আসবে?

প্রতিদিন যখন ফিরে তখন বাবা, কেন?

আমার
বাবার সাথে কথা
বলতে ইচ্ছে
করছে।

ঠিক আছে কল করো

নাম্বারটা
বের করে দাও।

তুমি বাবার নাম্বার
মুখস্থ বলতে পারো না

না মা। বাবা তো
বাসাতেই থাকে।
মুখস্থ করে কী
হবে?

ধরো, তোমার স্কুল ছুটি হয়ে গিয়েছে কিন্তু
কেউ তোমাকে নিতে আসে আসেনি।

তখন তুমি তোমার শিক্ষককে
অনুরোধ করতে পারো এবং
শিক্ষকের ফোন দিয়ে আমাদের
কল দিতে পারো।

এজন্য বাবা এবং আমার মোবাইল নাম্বারটা তোমার
সবসময় মুখস্থ থাকা উচিত।

ঠিক আছে
মা মুখস্থ করে
ফেলবো। এখন নাম্বারটা
বের করে দাও

তুমি নাম্বার বের করতে
পারো না?

না!

এসো তোমাকে শিখিয়ে দেই,

আমাদের পরিচিত যে মানুষগুলোর
মোবাইল ফোন রয়েছে তাদের ফোন নম্বর
আমরা আমাদের মোবাইলে ফোনের কল
(call) করার অপশনে গিয়ে নম্বরটি লিখে
'New Contact' -এ গিয়ে তার নামটি
লিখে (Save) সেভ করে রাখতে পারি।

ঠিক আছে মা

শোনো এছাড়া অনেক সময় মোবাইল ফোনে এমন কল
আসতে পারে যেটার নাম্বার ফোনে সেভ করা নাই;
অর্থাৎ অপরিচিত কেউ ফোনে কল করতে পারে।

এক্ষেত্রে বড়দের কাছে ফোনটি দেবে যাতে তারা কথা বলতে পারে।

যদি এমন হয় যে, আশেপাশে কেউ নেই তাহলে
ফোন কলটি রিসিভ করে ভদ্রভাবে সালাম দিবে।

তার পরিচয় জেনে নিবে কিন্তু কোনো
অপ্রয়োজনীয় কথা বলবে না।

খেয়াল রাখবে, এইক্ষেত্রে
কখনোই ব্যক্তিগত তথ্য শেয়ার
করবে না এবং পরবর্তীতে
অবশ্যই আমাদের জানাবে।

আর ফোনে কল দিয়ে কারো সাথে
অপ্রয়োজনীয় কথা বলে বিরক্ত করবে না।

মনে থাকবে?

থাকবে মা।

তারপর ধরো,

তুমি তোমার একজন আত্মীয়কে কল দিলে তার খোঁজ খবর নেওয়ার জন্য।

কল করে দেখলে সে ফোন রিসিভ করছে না।

এই রকম অবস্থায় আর কল করবে না বরং তার কলের জন্য অপেক্ষা করবে।

আবার কখনোই ইচ্ছা করে বা মজা করে ভুল নম্বরে কল করে কাউকে বিরক্ত করবে না।

আর যদি ভুলে কোনো নাম্বারে কল চলে যায়, তাহলে বিনয়ের সাথে তাকে দুঃখিত বলে কলটি রেখে দিবে।

বুঝেছো?

বুঝেছি মা।

মা বাবার নাম্বারের পাশাপাশি কিছু প্রয়োজনীয় নাম্বার মুখস্থ করে রাখতে পারো, যেগুলো আমাদের দৈনন্দিন জীবনে অত্যন্ত গুরুত্বপূর্ণ। যেমন- ৯৯৯; এটি জাতীয় জরুরী সেবা নম্বর।

আরও একটি নাম্বার হলো ১৬২৬৩। এই নম্বরে কল করলে স্বাস্থ্যবিষয়ক যেকোনো তথ্য জানা যাবে। তোমার বাসার কেউ হঠাৎ অসুস্থ হয়ে গেলে তুমি এই নাম্বারে কল দিয়ে খুব তাড়াতাড়ি সেবা নিতে পারবে।

ঠিক আছে মা মুখস্থ করবো।

গুড বয়! দাও বাবার নাম্বার বের করে দেই

না মা এখন আমি নিজেই পারবো। আগে মুখস্থ করবো তারপর কল দিবো।

বাহ আমার লক্ষী বাবাটা।